

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো ফরযসমূহ পালন করা, সাথে সাথে নফল ইবাদত করা এবং নিজের ও পরিবারের হক আদায় করা

ذِكْنُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الْقِيَامِ فِي أَدَاءِ الْفَرَائِضِ مَعَ إِتْيَانِ النَّوَافِلِ ثُمَّ إِعْطَائِهِ عَنْ نَفْسِهِ وَعِيَالِهِ فِيمَا بَعْدُ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ أَبِي الرَّرَةِ عَنْ أَبِي جَابِرٍ - مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ - حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ أَبِي الرَّرَةَ عَنْ أَبِي مُوسَى قَالَ: (دَخَلَتِ امْرَأَةُ عُثْمَانَ بْنِ مَظْعُونِ عَلَى نِسَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَأَيْشٍ رَجُلٌ أَغْنَى مِنْ بَعْلِكِ قَالَتْ: مَا لَكَ مَا فِي قُرَيْشٍ رَجُلٌ أَغْنَى مِنْ بَعْلِكِ قَالَتْ: مَا لَنَا مِنْهُ فَرَأَيْنَهَا سَيِّنَةَ الْهَيْنَةِ فَقُلْنَ: مَا لَكُ مَا فِي قُرَيْشٍ رَجُلٌ أَغْنَى مِنْ بَعْلِكِ قَالَتْ: مَا لَنَا مِنْهُ شَيْءٌ الْهَوْدُ النَّبِيُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْنَ لَلْكَ لَكَ أَمَّا لَلْلَهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (يَا عُثْمَانُ أَمَا لَكَ فِيَ أُسُومَةٌ؟) قَالَ: وَمَا ذَلِكَ يَلْ رَسُولَ اللَّهِ فِذَاكَ أَبِي وَأُمِّي؟ قَالَ: (أَمَّا أَنْتَ فَتَقُومُ اللَّيْلُ وَتَصُومُ النَّهَارَ وَإِنَّ ذَلْكَ عَلَيْكَ حَقًا وَإِنَّ لِجَسَدِكَ عَلَيْكَ حَقًا صَلَ وَنَمْ وصنُم وَأَفْطِرْ) قَالَ: فَأَتَتْهُمُ الْمَرْأَةُ لَكَ عَلَيْكَ حَقًا وَإِنَّ لِجَسَدِكَ عَلَيْكَ حَقًا صَلَ وَنَمْ وصنُم وَأَفْطِرْ) قَالَ: فَأَتَتْهُمُ الْمَرْأَةُ لَكَ عَلِيكَ عَطِرَةً كَأَنَّهَا عَرُوسٌ فَقُلْنَ لَهَا: مَهُ قَالَتْ: أَصَابَنَا مَا أَصَابَ الناس.) للراوي: أَبُو مُوسَى ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الصان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 10 المقدد: صحيح ابن حبان

বাংলা

৩১৬. আবু মুসা আল আশ'আরী রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, উসমান বিন মাযঊনের স্ত্রী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রীদের কাছে আসেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রীগণ তাঁর বেশভূষা ভাল দেখলেন না, তাঁরা তাঁকে বললেন: "আপনার কী হয়েছে, আপনার কুরাইশদের মাঝে আপনার



স্বামীর চেয়ে কেউ তো ধনী নেই?" জবাবে তিনি বলেন: "তাঁর সাথে আমাদের কোন যোগাযোগ নেই। তাঁর দিন কাটে সিয়াম রেখে আর রাত কাটে কিয়াম করে।" রাবী বলেন, এমন সময় রাসূল ঘরে প্রবেশ করেন। অতঃপর তাঁর স্ত্রীগণ তাঁকে বিষয়টি আলোচনা করেন। এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে উসমান বিন মাযউনের সাক্ষাৎ হলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "হে উসমান, আমার মাঝে কি তোমার জন্য উত্তম আদর্শ নেই?" তিনি বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কী হয়েছে? আপনার জন্য আমার বাবা-মা কুরবান হোক!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি তো সারা রাত কিয়াম করো, সারা দিন সিয়াম রাখো। অথচ তোমার পরিবারের তোমার উপর হক রয়েছে, তোমার উপর তোমার শরীরের হক রয়েছে। রাতে সালাত আদায় করবে এবং ঘুমাবে, সিয়াম রাখবে এবং ছেড়েও দিবে।" রাবী বলেন, এরপর উসমান বিন মাযউনের স্ত্রী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রীদের কাছে সুগন্ধি ব্যবহার করে আসেন যেন তিনি নববধূ। তখন তাঁরা তাঁকে বলেন: "কী ব্যাপার?" জবাবে তিনি বলেন: "অন্যান্য মানুষ যা পায়, আমরাও তাই পেয়েছি!"[1]

ফুটনোট

[1] তাবাকাতু ইবনু সা'দ: ৩/৩৯৪-৩৯৫; মাজমা'উয যাওয়াইদ: ৪/৩০১-৩০২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৪০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন